গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগ
বাজেট-১ শাখা

...

| | |
|---|---|
| সভাপতি | (মোঃ সিরাজুল ইসলাম)<br>অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) ও সভাপতি, বাজেট ওয়ার্কিং গ্রুপ। |
| সভার তারিখ | ২৯.০৪.২০২১ |
| সভার সময় | সকাল ১১:৩০ টা |
| স্থান | জুম প্লাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক তে সন্নিবেশ করা হয়েছে। |

রেলপথ মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের বাজেট প্রাক্কলন, বাজেট পরিপত্র-২ এর মাধ্যমে রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা বিভাজনের নিমিত্ত বাজেট ওয়ার্কিং গ্রুপের সভার কার্যবিবরণীঃ

| | | |
|---|---|---|
| **সভাপতিঃ** | : | **জনাব মোঃ সিরাজুল ইসলাম**<br>**অতিরিক্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়** |
| তারিখ | : | ২৯.০৪.২০২১ |
| সময় | : | সকাল ১১:৩০ টা |
| স্থান | : | জুম প্লাটফর্ম (মিটিংআইডি: ৪৪৬৯৬৬৪৭৩০) |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, মধ্যমেয়াদি বাজেট কাঠামোর আওতায় বাজেট পরিপত্র-১ এর আলোকে প্রণীত রেলপথ মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থবছরের প্রক্ষেপণ সংশোধন/পুনঃনির্ধারণের লক্ষ্যে ২৬/০৪/২০২১ খ্রিঃ তারিখে অর্থবিভাগ কর্তৃক বাজেট পরিপত্র-২ জারী করা হয়েছে। উক্ত পরিপত্রের মাধ্যমে ২০২১-২২ অর্থবছর হতে ২০২৩-২৪ অর্থবছর পর্যন্ত রেলপথ মন্ত্রণালয়ের জন্য রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা (পরিচালন ব্যয় ও উন্নয়ন ব্যয়) চূড়ান্ত করা হয়েছে। সে অনুযায়ী রেলপথ মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থবছরের প্রক্ষেপণ সংশোধন/পুনঃনির্ধারণপূর্বক আগামী ০৯/০৫/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে অর্থবিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণের নির্দেশনা রয়েছে। রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা পুনঃনির্ধারণ, সকল বাজেট ইউনিট/প্রকল্পের রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা/ব্যয়সীমা পুনঃনির্ধারণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে অর্থনৈতিক কোডভিত্তিক বিস্তারিত প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন কার্যক্রম যথাসময়ে সম্পাদন নিশ্চিতকরণে এ সভা আহবান করা হয়েছে। সভাপতি সভার আলোচ্য বিষয়ে মতামত প্রদান করার জন্য উপস্থিত কর্মকর্তাগণের দৃষ্টি আকর্ষণ করেন। অতঃপর তিনি যুগ্মসচিব (বাজেট)-কে সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য আহবান জানান। যুগ্মসচিব (বাজেট) সভায় আলোচ্যসূচি নিম্নরূপভাবে উপস্থাপন করেন:

০২। **আলোচ্যসূচি-১: বাজেট পরিপত্র-২ সম্পর্কে আলোচনা:** সভায় জানানো হয় যে, ইতোমধ্যে বাজেট পরিপত্র-২ সংশ্লিষ্ট রেলপথ মন্ত্রণালয়ের বাজেট ইউনিটের নিকট অবগতি ও প্রয়োজনীয় ব্যস্থাগ্রহণের জন্য প্রেরণ করা হয়েছে। সভায় বাজেট পরিপত্র-২ এর গুরুত্বপূর্ণ অনুশাসনসমূহপাঠ করে শোনানো হয়। সভায় জানানো হয় যে, অর্থবিভাগে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভার পর্যবেক্ষণ ও পরামর্শ/দিকনির্দেশনা এবং পরিপত্রের ৫নং অনুচ্ছেদে বর্ণিত নীতিমালা অনুসরণপূর্বক মন্ত্রণালয়ের সচিবালয়, অধীনস্থ অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থাসমূহের রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা সংশোধন/পুনঃনির্ধারণ করতে হবে। মন্ত্রণালয়ের সচিবালয় অংশ এবং অধীন সকল অধিদপ্তর/পরিদপ্তর/অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠানিক গ্রুপ/ইউনিট/সংস্থার ২০২১-২২ অর্থবছর হতে ২০২৩-২৪ অর্থবছর পর্যন্ত প্রাক্কলন/প্রক্ষেপণ প্রণয়নের সময় মোট পরিচালন এবং উন্নয়ন ব্যয় পুনর্ধারিত ব্যয়সীমার মধ্যে রাখতে হবে এবং প্রতিষ্ঠান/দপ্তর/প্রকল্পওয়ারী অর্থনৈতিক কোডভিত্তিক বিস্তারিত বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ বাজেট ব্যবস্থাপনা কমিটির সুপারিশসহ আগামী ০৯/০৫/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে অর্থবিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। অতঃপর সভায় বাজেট পরিপত্র-১ ও ২ এর মাধ্যমে রেলপথ মন্ত্রণালয়ের রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমার তুলনামূলক বিবরণী যথাক্রমে নিম্নোক্ত ছক-১ এবং ছক-২ এর মাধ্যমে উপস্থাপন করা হয়ঃ

**ছক-১: ২০২১-২২ হতে ২০২৩-২৪ পর্যন্ত রাজস্ব ও প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ (অংকসমূহ কোটি টাকায়)**

| পরিপত্র নম্বর | কোড | মন্ত্রণালয়/বিভাগ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ |
| বাজেট পরিপত্র-১ | ১৫১ | রেলপথ মন্ত্রণালয় | ২৪৭৮.৯৩ | ২৭২৬.৮২ | ২৯৯৯.৫০ |
| বাজেট পরিপত্র-২ | ১৫১ | রেলপথ মন্ত্রণালয় | ২৫২৪.০০ | ২৮২৬.৮৮ | ৩১৬৬.১০ |
| হ্রাস(-)/বৃদ্ধি (+) | -- | -- | (+৪৫.০৭ ) | (+১০০.০৬) | (+ ১৬৬.৬০) |

**ছক-২: ২০২১-২২ হতে ২০২৩-২৪ পর্যন্ত ব্যয়সীমার প্রাক্কলন ও প্রক্ষেপণ (অংকসমূহ কোটি টাকায়)**

| বিবরণ | প্রস্তাবিত বাজেট ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|
| | পরিচালন ব্যয় | উন্নয়ন ব্যয় | | | সর্বমোট | ২০২২-২৩ | ২০২৩-২৪ |
| | | জিওবি | পিএ | উপমোট | | | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| বাজেট পরিপত্র-১ | ৪২৪১.৮৫ | ৩১৩৮.৬৫ | ১০৩৫২.৩৫ | ১৩,৪৯১.০০ | ১৭,৭৩২.৮৫ | ১৯,১৫১.৪৮ | ২১,২৫৮.১২ |
| বাজেট পরিপত্র-২ | ৩৯৮৫.৬১ | ৩৩৩৩.৩৯ | ১০২২৪.৭৫ | ১৩,৫৫৮.১৪ | ১৭৫৪৩.৭৫ | ১৮,৯৪৭.২৫ | ২০,৪৬৩.০৩ |
| বাজেট পরিপত্র-১ এর তুলনায় বাজেট পরিপত্র-২ এ বরাদ্দের হ্রাস (-) /বৃ দ্ধি (+) | (-২৫৬.২৪) | (+১৯৪.৭৪) | (-১২৭.৬০) | (+৬৭.১৪) | (-১৮৯.১০) | (-২০৪.২৩) | (-৭৯৫.০৯) |

সভায় অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) জানান যে, বিগত কয়েক বছরের বাংলাদেশ রেলওয়ের রাজস্ব ও প্রাপ্তির প্রকৃত অর্জন পর্যালোচনায় বাজেট পরিপত্র-১ এ যে লক্ষ্যমাত্রা দেওয়া হয়েছে তা অর্জনযোগ্য হবে না বিধায় বাজেট ব্যবস্থাপনা কমিটির সুপারিশসহ উক্ত লক্ষ্যমাত্রা কমানোর জন্য অর্থবিভাগে প্রস্তাব করা হয়েছিল। অথচ বাজেট পরিপত্র-২ এর মাধ্যমে রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা আরো বৃদ্ধি করা হয়েছে যা বাংলাদেশ রেলওয়ের আয় উপার্জনের খাতসমূহের বর্তমান প্রবণতার আলোকে অর্জনযোগ্য হবে না। প্রত্যাশিত লক্ষ্যমাত্রা অর্জিত না হলে বাংলাদেশ রেলওয়ে তথা রেলপথ মন্ত্রণালয়ের ভাবমুর্তি ক্ষুন্ন হবে মর্মে তিনি মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে অর্থবিভাগের উপসচিব (বাজেট-১৭) জানান যে, রেলপথ মন্ত্রণালয়ের রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা কমানোর প্রস্তাব ত্রিপক্ষীয় সভায় উপস্থাপন করা হয়েছিল; ঐ প্রস্তাব অনুমোদিত হয় নি।

০৩। <u>আলোচ্যসুচি-২: ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত পর্যালোচনাঃ</u> সভায়বাজেট পরিপত্র-১ এর আলোকে প্রণীত ২০২১-২২ অর্থবছর হতে ২০২২-২৪ অর্থবছর পর্যন্ত রেলপথ মন্ত্রণালয়ের মধ্যমেয়াদী বাজেট কাঠামো সম্পর্কে ২১/০৩/২০২১ খ্রিঃ তারিখে ত্রিপক্ষীয় সভার গুরুতপূর্ণ সিদ্ধান্তসমূহ সভার জ্ঞাতার্থে নিম্নরূপভাবে উপস্থাপন করা হয়ঃ

- ২০২১-২২ অর্থবছরের জন্য রেলপথ মন্ত্রণালয়ের রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ২,৪৭৮.৯৩ কোটি টাকা নির্ধারণ করা হয়।
- ২০২১-২২ অর্থবছরের জন্য রেলপথ মন্ত্রণালয়ের পরিচালন বাজেট মোট ৩৯৮৫.৬১ কোটি টাকা নির্ধারণ করা হয়। তন্মধ্যে-

(ক) সচিবালয় ও রেলপথ পরিদর্শনের পরিচালন বাজেটের জন্য মোট ১৯.৫০ কোটি টাকা প্রস্তাব করা হয়। এবং
(খ) বাংলাদেশ রেলওয়ের পরিচালন বাজেটের জন্য ৩,৯৬৬.১১ কোটি টাকা নির্ধারণ করা হয়। তন্মধ্যে,
(১) পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট খাতে ৩৯০.০০ কোটি টাকা,
(২) চাকরি সম্পর্কীয় নগদ সামাজিক সুবিধাদি খাতে ৮১০ কোটি টাকা,
(৩) মেরামত ও সংরক্ষণের অন্তর্গত ৩২৫৮১২০-রোলিং স্টক খাতে ২০০.০০ কোটি টাকা,
(৪) ৩২৫৮১২১- রেলওয়ে স্থাপনা (আবর্তক) খাতে ২৩০.০০ কোটি টাকা,
(৫) ৪১২৭১-স্টোর পারচেজ রেলওয়ে খাতে ৩৩০.০০ কোটি টাকা, এবং
(৬) বাংলাদেশ রেলওয়ের ৫০ টি রেলস্টেশন ও প্লাটফর্ম সংস্কার/আধুনিকায়নের জন্য ৪১১১৩১১-রেলওয়ে স্থাপনা (মূলধন) খাতে ৩০০ কোটি টাকা বরাদ্দ রাখার পরামর্শ দেওয়া হয়।

- ২০২১-২২ অর্থবছরের জন্য উন্নয়ন বাজেট মোট ১৩,৭৪৭ কোটি টাকা নির্ধারণ করা হয়। তন্মধ্যে-

(১) অনুমোদিত প্রকল্পের জন্য জিওবি খাতে ৩২৭১.৮৯ কোটি টাকা,
(২) অনুমোদিত প্রকল্পের জন্য প্রকল্প সাহায্য খাতে ৯৭৭৭.৮০ কোটি টাকা এবং
(৩) অননুমোদিত প্রকল্পের জন্য সচিবালয় অংশে ৬৯৭.৫৫ কোটি টাকা (জিওবি ১২৩ কোটি টাকা+ প্রকল্প সাহায্য ৫৭৪.৫৫ কোটি টাকা) বরাদ্দ রাখার প্রস্তাব করা হয়।

০৪। <u>আলোচ্যসূচি-৩: অধিদপ্তর/পরিদপ্তরের রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা সংশোধন/ পুনঃনির্ধারণকরণঃ</u> সভায় ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত/পরামর্শের আলোকে বাজেট পরিপত্র-২ এর মাধ্যমে ২০২১-২২ অর্থবছর হতে ২০২৩-২৪ অর্থবছর পর্যন্ত রেলপথ মন্ত্রণালয়ের জন্য নির্ধারিত রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা বিভাজন করে অধিদপ্তর/পরিদপ্তরের রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমার সংশোধন/পুনঃনির্ধারণ<u>অর্থাৎ ফরম-১: অধিদপ্তর/পরিদপ্তরের সম্ভাব্য রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা</u> এবং <u>ফরম-২: অধিদপ্তর/পরিদপ্তরের ব্যয়সীমা</u> নিম্নোক্তভাবে সংশোধন /পুনঃ নির্ধারণের প্রস্তাব করা হয়ঃ

**<u>ফরম-১: রেলপথ মন্ত্রণালয়ের অধিদপ্তর/পরিদপ্তরের ২০২১-২২ অর্থবছর হতে ২০২৩-২৪ অর্থবছরের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রার প্রাক্কলন ও প্রক্ষেপণ(অংকসমূহ কোটি টাকায়)</u>**

| অধিদপ্তর/পরিদপ্তর | প্রাক্কলন/প্রস্তাবিত বাজেট ২০২১-২২ | প্রক্ষেপণ ২০২২-২৩ | প্রক্ষেপণ ২০২৩-২৪ |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| সচিবালয় | ০.০৬ | ০.০৭ | ০.০৭ |
| বাংলাদেশ রেলওয়ে | ২৫২৩.৯৪ | ২৮২৬.৮১ | ৩১৬৬.০৩ |
| সর্বমোট লক্ষ্যমাত্রা= | ২৫২৪.০০ | ২৮২৬.৮৮ | ৩১৬৬.১০ |

| ফরম-২: রেলপথ মন্ত্রণালয়ের অধিদপ্তর/পরিদপ্তরের রেলপথ মন্ত্রণালয়ের অধিদপ্তর/পরিদপ্তরের ২০২০-২১ অর্থবছর হতে ২০২৩-২৪ অর্থবছরের ব্যয়সীমার প্রাক্কলন ও প্রক্ষেপণ (অংকসমূহ কোটি টাকায়) | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| অধিদপ্তর/ পরিদপ্তর | প্রাক্কলন/প্রস্তাবিত বাজেট ২০২১-২২ | | | | | প্রক্ষেপণ ২০২২-২৩ | | | | | প্রক্ষেপণ ২০২৩-২৪ | | | | |
| | পরিচালন | উন্নয়ন | | | সর্বমোট | পরিচালন | উন্নয়ন | | | সর্বমোট | পরিচালন | উন্নয়ন | | | সর্বমোট |
| | | জিওবি | পিএ | মোট | | | জিওবি | পিএ | মোট | | | জিওবি | পিএ | মোট | |
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ | ০৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| সচিবালয় (সচিবালয় +রেলপথ পরিদর্শন অধিদপ্তর) | ১৮.৭১ | ৬১.৫০ | ৪৪৬.৯৫ | ৫০৮.৪৫ | ৫২৭.১৬ | ২১.২৫ | ১১০.০০ | ৬০০.০০ | ৭১০.০০ | ৭৩১.২৫ | ২৩.৫৫ | ১২০.০০ | ৬১০.০০ | ৭৩০.০০ | ৭৫৩.৫৫ |
| | ০.৭৯ | -- | -- | -- | ০.৭৯ | ০.৮৪ | -- | -- | -- | ০.৮৪ | ০.৮৭ | -- | -- | -- | ০.৮৭ |
| | ১৯.৫০ | ৬১.৫০ | ৪৪৬.৯৫ | ৫০৮.৪৫ | ৫২৭.৯৫ | ২২.০৯ | ১১০.০০ | ৬০০.০০ | ৭১০.০০ | ৭৩২.০৯ | ২৪.৪২ | ১২০.০০ | ৬১০.০০ | ৭৩০.০০ | ৭৫৪.৪২ |
| বাংলাদেশ রেলওয়ে | ৩৯৬৬.১১ | ৩২৭১.৮৯ | ৯৭৭৭.৮০ | ১৩,০৪৯.৬৯ | ১৭,০১৫.৮০ | ৪২৮২.০৭ | ৩৩৯০.০০ | ১০,৫৪২.৭৯ | ১৩৯৩২.৭৯ | ১৮২১৫.১৬ | ৪৬২৪.৪০ | ৩৬৬০.০০ | ১১৪২৪.২১ | ১৫০৮৪.২১ | ১৯৭০৮.৬১ |
| **সর্বমোট সিলিং=** | ৩৯৮৫.৬১ | ৩৩৩৩.৩৯ | ১০২২৪.৭৫ | ১৩৫৫৮.১৪ | ১৭৫৪৩.৭৫ | ৪৩০৪.৪৬ | ৩৫০০.০০ | ১১১৪২.৭৯ | ১৪৬৪২.৭৯ | ১৮৯৪৭.২৫ | ৪৬৪৮.৮২ | ৩৭৮০.০০ | ১২০৩৪.২১ | ১৫৮১৪.২১ | ২০৪৬৩.০৩ |

২০২১-২২ অর্থবছর হতে ২০২৩-২৪ অর্থবছর পর্যন্ত রেলপথ মন্ত্রণালয়ের জন্য নির্ধারিত রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা বিভাজন প্রস্তাবের বিপরীতে কোন মতামত না পাওয়ায় অধিদপ্তর/পরিদপ্তরওয়ারী উপর্যুক্ত ফরম দু'টি সর্বসম্মতভাবে অনুমোদন করা যেতে পারে মর্মে সর্বসম্মতভাবে প্রস্তাব করা হয়।

০৫। **আলোচ্যসূচি ৪: অধিদপ্তর/পরিদপ্তরকে অধস্তন দপ্তরের বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ তৈরী করে মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ করাঃ** সভায় জানানো হয় যে, আলোচ্যসুচি-৩: এর মাধ্যমে উপস্থাপিত অধিদপ্তর/পরিদপ্তরের রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও ব্যয়সীমার প্রস্তাবিত বিভাজন অনুমোদনসাপেক্ষে অধিদপ্তর/পরিদপ্তরের অধস্তন প্রত্যেকটি দপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গুপের/প্রাতিষ্ঠানিক ইউনিটের/প্রকল্পের প্রভৃতির রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও ব্যয়সীমা সংশোধন/পুনঃনির্ধারণের জন্য অর্থাৎ ফরম-৩: অধস্তনদপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গুপের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং ফরম-৪: অধস্তনদপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গুপের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৬(ক): প্রাতিষ্ঠানিক ইউনিট/টাস্ক/সংস্থার পরিচালন কার্যক্রমের প্রাথমিক ব্যয়সীমা এবং ফরম-৬(খ): উন্নয়ন কার্যক্রমভুক্ত খাদ্য কর্মসূচি/বিশেষ কর্মসূচি/স্কিম/প্রকল্পের প্রাথমিক ব্যয়সীমা প্রভৃতি IBAS++ এ এন্ট্রি প্রদানের মাধ্যমে সংশোধন/পুনঃনির্ধারণের জন্য রেলপথ মন্ত্রণালয়ের অধীনস্থ অধিদপ্তর/পরিদপ্তরসমূহ ; বিশেষ করে বাংলাদেশ রেলওয়ের প্রত্যেক বাজেট ইউনিট/প্রকল্প হতে নিম্নোক্ত ৩(তিন)টি ছকে আগামী ০২/০৫/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে সমন্বিত তথ্য পাওয়া আবশ্যক। অন্যথায় নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট সকল বাজেট ইউনিট/প্রকল্পসমূহের অর্থনৈতিক কোডভিত্তিক বিস্তারিত প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন কঠিন হতে পারে মর্মে সভায় জানানো হয়।সভায় এ বিষয়ে আলোচনাক্রমে নিম্নোক্ত ০৩ (তিন)টি ছকে তথ্য প্রদানের জন্য মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে-কে অনুরোধ জানানো যেতে পারে মর্মে সভায় সর্বসম্মতভাবে প্রস্তাব করা হয়ঃ

| ছক-কঃ ২০২১-২২ হতে ২০২৩-২৪ পর্যন্ত প্রতিষ্ঠানভিত্তিক প্রাপ্ত রাজস্ব ও প্রাপ্তির প্রাক্কলন এবং প্রক্ষেপণ | | | | | |
|---|---|---|---|---|---|
| দপ্তর/সংস্থা | | সংশোধিত বাজেট ২০২০-২১ | প্রকৃত আয় (মার্চ-২১পর্যন্ত) | প্রাক্কলন ২০২১-২২ | প্রক্ষেপণ ২০২২-২৩ |
| ০১ | | | ০২ | | ০৩ |
| ১৫১০৩ -বাংলাদেশ রেলওয়ে, রেলপথ মন্ত্রণালয়-এর সম্ভাব্য রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা (বাজেট পরিপত্র-২) | | ১৮০২,৮০,৮০ | | ২৫২৩,৯৪,০০ | ২৮২৬,৮১,০০ |
| ১. | | | | | |
| | | | | | |
| | মোট | | | | |

| ছক-খঃ ২০২১-২২ অর্থবছর হতে ২০২৩-২৪ অর্থবছর পর্যন্ত প্রাতিষ্ঠানিক ইউনিট/সংস্থার পরিচালন কার্যক্রমের ব্যয়সীমার প্রাক্কলন এবং প্রক্ষেপণ | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ক্রঃনঃ | গ্রুপ কোড/পরিচালন কোড (বিবরণ) | (অংকসমূহ হাজার টাকায়) | | | | |
| | | সংশোধিত বাজেট ২০২০-২১ | প্রকৃত ব্যয় (মার্চ-২১ পর্যন্ত) | প্রাক্কলন ২০২১-২২ | প্রক্ষেপণ | |
| | | | | | ২০২২-২৩ | ২ |
| ১৫১০৩ -বাংলাদেশ রেলওয়ে, রেলপথ মন্ত্রণালয় পরিচালন ব্যয়ের প্রস্তাবিত সিলিং (বাজেট পরিপত্র-২) | | ৩৫৫৬,৩২,৬৩ | | ৩৯,৬৬১,১০০ | ৪২,৮২৩,৭০০ | |
| বিশেষ কার্যক্রম | | | | | | |
| ০১ | | | | | | |
| ০২ | | | | | | |
| | মোট= | | | | | |

**ছক- গঃ ২০২১-২২ হতে ২০২৩-২৪ পর্যন্ত প্রকল্পওয়ারী উন্নয়ন  ব্যয়সীমার প্রাক্কলন এবং প্রক্ষেপণ**

| ক্রঃনঃ | প্রকল্পের নাম ও কোড নং | প্রস্তাবিত প্রাক্কলন ২০২১-২২ | | | প্রক্ষেপণ ২০২২-২৩ | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | জিওবি | পিএ | মোট | জিওবি | পিএ | মোট |
| **১৫১০৩ -বাংলাদেশ রেলওয়ে,রেলপথ মন্ত্রণালয় উন্নয়ন ব্যয়ের প্রস্তাবিত সিলিং (বাজেট পরিপত্র-২)** | | ৩২৭১৮৯ | ৯৭৭৭৮০ | ১৩০৪৯,৬৯ | ৩৩৯০০০ | ১০৫৪২৭৯ | ১৩৯৩২৭৯ |
| ০১ | | | | | | | |
| | মোট= | | | | | | |
| | | | | | | | |

০৬। **আলোচ্যসূচি ৫: অধস্তন দপ্তর/প্রাতিষ্ঠকি ইউনিট/প্রকল্পসমূহের অর্থনৈতিক কোডভিত্তিক বিস্তারিত প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়ন ও IBAS++ এন্ট্রি সম্পন্নকরণঃ** সভায় জানানো হয় যে, অর্থবিভাগ কর্তৃক আগামী ০৫/০৫/২০২১খ্রিঃ তারিখের মধ্যে বাজেট তথ্য IBAS++ এ এন্ট্রি সম্পন্নের জন্য সময়সীমা ধার্য্য করা হয়েছে। তৎপরিপ্রেক্ষিতে ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত ও বাজেট পরিপত্র-২ যথাযথভাবে অনুসরণ করে প্রত্যেক বাজেট ইউনিট/প্রকল্পের অর্থনৈতিক কোডভিত্তিক বিস্তারিত বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়নপূর্বক IBASS++ এ এন্ট্রি প্রদানের মাধ্যমে ফরম-৭: অর্থনৈতিক কোডভিত্তিক রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক প্রাক্কলন; ফরম-৮ (ক-১): অর্থনৈতিক কোডভিত্তিক পরিচালন ব্যয়ের সাধারণ/বিশেষ কার্যক্রমের প্রাথমিক প্রাক্কলন এবং **ফরম-৮(খ-২) অর্থনৈতিক কোডভিত্তিক উন্নয়ন ব্যয়ের এডিপিভুক্ত প্রকল্পের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ**নির্ধারিত সময়ের মধ্যে **সংশোধন/পুনঃনির্ধারণের জন্য সংশ্লিষ্ট সকলকে সভায় অনুরোধ করা হয় এবং বাজেট ব্যবস্থাপনা কমিটির সুপারিশ প্রণয়নের জন্য প্রত্যেক বাজেট ইউনিট এবং প্রকল্পের বিস্তারিত বাজেটের** IBAS++ রিপোর্ট স্ব স্ব কর্তৃপক্ষের অনুমোদনসহ মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে আগামী ০৬/০৫/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণের জন্য সভায় সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

০৭। সভায় উপর্যুক্ত আলোচনার ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়ঃ

**সিদ্ধান্ত-কঃ** আলোচ্যসূচি-৩ দ্বারা উপস্থাপিত (কার্যবিবরণীর অনুচ্ছেদ নম্বর-০৪) অধিদপ্তর/পরিদপ্তরের রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমা সংশোধন/পুনঃনির্ধারণ অর্থাৎ ফরম-১: অধিদপ্তর/পরিদপ্তরের সম্ভাব্য রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ফরম-২: অধিদপ্তর/পরিদপ্তরের ব্যয়সীমা সংশোধন/পুনঃ সংশোধনের জন্য **বাজেট পরিপত্র-২ এর মাধ্যমে** রেলপথ মন্ত্রণালয়ের জন্য নির্ধারিত রাজস্ব ও প্রাপ্তির লক্ষ্যমাত্রা এবং ব্যয়সীমার বিভাজন প্রস্তাব সর্বসম্মতভাবে অনুমোদিত হয় এবং অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল বাজেট ইউনিট-এর নিকট প্রেরণ করতে হবে।

**বাস্তবায়নেঃ** সহকারী সচিব, বাজেট-১ শাখা, রেলপথ মন্ত্রণালয়।

**সিদ্ধান্ত- খঃ** আলোচ্যসূচি-৪ দ্বারা উপস্থাপিত (কার্যবিবরণীর অনুচ্ছেদ নম্বর-০৫) ফরম-৩: অধস্তনদপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা এবং ফরম-৪: অধস্তনদপ্তর/প্রাতিষ্ঠানিক ইউনিট গ্রুপের প্রাথমিক ব্যয়সীমা; ফরম-৬(ক): প্রাতিষ্ঠানিক ইউনিট/টাস্ক/সংস্থার পরিচালন কার্যক্রমের প্রাথমিক ব্যয়সীমা এবং ফরম-৬(খ): উন্নয়ন কার্যক্রমভুক্ত খাদ্যকর্মসূচি/বিশেষ কর্মসূচি/স্কিম/প্রকল্পের প্রাথমিক ব্যয়সীমা প্রভৃতি IBAS++ এ এন্ট্রির মাধ্যমে সংশোধন/পুনঃনির্ধারণের জন্য অনুচ্ছেদ নম্বর-০৫ এ উপস্থাপিত ৩(তিন)টি ছকে আগামী ০২/০৫/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে তথ্য প্রদানের অনুরোধ জানিয়ে মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে বরাবরে পত্র প্রেরণ করতে হবে।

**বাস্তবায়নেঃ** সহকারী সচিব, বাজেট-১ শাখা, রেলপথ মন্ত্রণালয়।

**সিদ্ধান্ত-গ-১:** আলোচ্যসূচি-৫ দ্বারা উপস্থাপিত (কার্যবিবরণীর অনুচ্ছেদ নম্বর-০৬) ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত ও বাজেট পরিপত্র-২ যথাযথভাবে অনুসরণ করে প্রত্যেক বাজেট ইউনিট/প্রকল্পের অর্থনৈতিক কোডভিত্তিক বিস্তারিত বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ প্রণয়নপূর্বক IBASS++ এ এন্ট্রি প্রদানের মাধ্যমে ফরম-৭: অর্থনৈতিক কোডভিত্তিক রাজস্ব ও প্রাপ্তির প্রাথমিক প্রাক্কলন; ফরম-৮ (ক-১): অর্থনৈতিক কোডভিত্তিক পরিচালন ব্যয়ের সাধারণ/বিশেষ কার্যক্রমের প্রাথমিক প্রাক্কলন এবং **ফরম-৮(খ-২) অর্থনৈতিক কোডভিত্তিক উন্নয়ন ব্যয়ের এডিপিভুক্ত প্রকল্পের প্রাথমিক প্রাক্কলন ও প্রক্ষেপণ**নির্ধারিত আগামী ০৫/০৫/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে **সংশোধন/পুনঃনির্ধারণসহ** IBAS++ এন্ট্রি সম্পন্ন করতে হবে।

**সিদ্ধান্ত-গ-২:** **বাজেট ব্যবস্থাপনা কমিটির সুপারিশ প্রণয়নের জন্য প্রত্যেক বাজেট ইউনিট এবং প্রকল্পের বিস্তারিত বাজেটের** IBAS++ রিপোর্ট স্ব স্ব কর্তৃপক্ষের অনুমোদনসহ মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগে আগামী ০৬/০৫/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।

**বাস্তবায়নেঃ** **০১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, ০২। অতিরিক্ত সচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়, ০৩। সরকারি রেলপথ পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর এবং ০৪। সকল বাজেট কর্মকর্তা/প্রকল্প কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে।**

০৮। আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ সিরাজুল ইসলাম)
অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) ও

সভাপতি, বাজেট ওয়ার্কিং গ্রুপ।

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০২২.০৫.০০১.২০-১১১

তারিখ: ২১ বৈশাখ ১৪২৮

০৪ মে ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃ আঃ উপসচিব (বাজেট-১৭)]।

২) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।

৩) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা [তাঁকে ৩৮ (আটত্রিশ)টি পরিচালন বাজেট ইউনিট সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং প্রকল্প পরিচালকগণের নিকট কার্যবিবরণীর অনুলিপি প্রেরণের অনুরোধসহ]।

৪) অতিরিক্ত মহাপরিচালক (অর্থ/অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা

৫) যুগ্মসচিব (প্রশাসন-২/বাজেট/উন্নয়ন-২/পরিকল্পনা-২), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৬) সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, ফুলবাড়ীয়া, ঢাকা।

৭) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

৮) প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

৯) সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

১০) অর্থনীতিবিদ, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

১১) উপসচিব, প্রশাসন-৪, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

১২) চিফ একাউন্টস এ্যান্ড ফিনান্স অফিসার, চিফ একাউন্টস এ্যান্ড ফিনান্স অফিসারের কার্যালয়, রেলপথ মন্ত্রণালয়, হিসাব ভবন (৪র্থ তলা), সেগুনাবাগিচা, ঢাকা-১০০০।


১৩) সিনিয়র পরিকল্পনা কর্মকর্তা-৪, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

১৪) উপ পরিচালক (অর্থ/বাজেট), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

১৫) সহকারী সচিব (বাজেট-১/বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

১৬) হিসাবরক্ষণ কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

১৭) অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।



মোঃ জাহিদুল ইসলাম

সহকারী সচিব